**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মেজবাহ উদ্দিন<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| তারিখ | : ১৯-১২-২০২২ খ্রিঃ, |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে উল্লেখ করেন, মাননীয় প্রধান মন্ত্রীর নামের এই প্রতিষ্ঠানটিকে Centre of Excellence হিসাবে গড়ে তোলার জন্য মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউটের উন্নত অবকাঠামো নির্মাণের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে আছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নকশার চূড়ান্ত অনুমোদনের পর অবকাঠামো নির্মাণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি মানসম্মত শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং ইনস্টিটিউটের সকল কার্যক্রমে সম্মানিত সদস্যগণের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভাপতি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক ও নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব জনাব আবু তাহের মো; মাসুদ রানাকে সভায় আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব আলোচ্য সূচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **৩য় সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৩য় সভা ০৫-০৭-২০২২ তারিখ সকাল ১১.০০টায় ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষে জনাব মেজবাহ উদ্দিন, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ৩য় সভার কার্যবিবরণী সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরূপ সংযোজন/ সংশোধনী প্রস্তাব না থাকায় ৩য় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সদস্য সচিব নির্বাহী কাউন্সিল |
| ০২. | **৩য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। | | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩. | **ইনস্টিটিউটের ভিশন, মিশন ও লোগো নির্ধারণ বিষয়ে আলোচনা:**<br>সদস্য সচিব জানান, ইনস্টিটিউটের ভিশন ও মিশন নির্ধারণ করা হয়নি। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনস্টিটিউটের ভিশন ও মিশন নির্ধারণের জন্য খসড়া ভিশন ও মিশন প্রস্তাব সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়।<br>ক) প্রস্তাবিত ভিশন: স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠাকল্পে যুব সমাজের দক্ষতার উন্নয়ন।<br>সভায় উপস্থাপিত প্রস্তাবিত ভিশন ও মিশন সম্পর্কে আলোচনা করা হয়।<br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক জনাব রনজিত কুমার স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠাকল্পে যুব সমাজের দক্ষতার উন্নয়ন-এ "প্রতিষ্ঠাকল্পে" শব্দের পরিবর্তে বিনির্মাণ শব্দটি ব্যবহার করা যেতে পারে বলে মতামত প্রদান করেন।<br>যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আজহারুল ইসলাম খান প্রস্তাবিত ভিশনে 'যুব সমাজের দক্ষতার উন্নয়ন' এর পরিবর্তে 'যুব সমাজের দক্ষতা উন্নয়নে' শব্দ দুটি ব্যবহার করার পরামর্শ প্রদান করেন।<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব কাজী মোশতাক জহির প্রস্তাবিত ভিশনে উৎকর্ষের কেন্দ্র শব্দ ২টি যুক্ত করার পরামর্শ দেন।<br>আলোচনায় **"স্মার্ট বাংলাদেশ** বিনির্মাণে যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা"– কে ইনস্টিটিউটের ভিশন হিসেবে গ্রহণ করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ইনস্টিটিউটের ভিশন হবে **"স্মার্ট বাংলাদেশ** বিনির্মাণে যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা"। | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| | খ) প্রস্তাবিত মিশন: কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ যুব সমাজ গঠনে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা।<br>বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের এমডিএস জনাব মোঃ জাকির হোসেন মিশন একটি না হয়ে একাধিক হতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। এক্ষেত্রে শিক্ষা ও গবেষণা বিষয় সংযুক্ত করা যেতে পারে মর্মে উল্লেখ করেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জেবউননেছা মিশনে যুগোপযোগি শব্দ ব্যবহারের পরামর্শ দেন। অন্যান্য সদস্যদের মতামত গ্রহণ করত: নিম্নরূপভাবে মিশন নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা করা হয়:<br>১। কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকল্পে যুব সমাজকে যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলা।<br>২। শিক্ষা, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে যুব সমাজের ধারাবাহিক উন্নয়নে অবদান রাখা। | ইনস্টিটিউটের মিশন হবে<br>১। কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকল্পে যুব সমাজকে যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলা।<br>২। শিক্ষা, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে যুব সমাজের ধারাবাহিক উন্নয়নে অবদান রাখা। | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| | গ) ইনস্টিটিউটের লোগো নির্ধারণ বিষয়ে আলোচনা:<br>সভায় অবহিত করা হয়, ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় দৈনিক 'আমাদের সময়' ও 'দৈনিক যুগান্তর' পত্রিকায় লোগো আহবান করে গত ২৪ আগস্ট ২০২২ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে লার্নিং এন্ড আর্নিং নামক প্রতিষ্ঠান ০১ টি লোগো দাখিল করেছে। প্রাপ্ত লোগো সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সকল সদস্য প্রাপ্ত লোগোটি মানসম্মত নয় মর্মে একমত পোষন করেন। সভায় এ বিষয়ে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ ও লোগো নির্মাণ সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে লোগো সংক্রান্ত প্রস্তাব প্রাপ্তির পরামর্শ প্রদান করা হয়। | লোগো নির্ধারণের জন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করে এবং ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে লোগো সংক্রান্ত প্রস্তাব প্রাপ্তির ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪. | **একাডেমিক কাউন্সিলের ৪র্থ সভায় গৃহীত সুপারিশ অনুমোদন বিষয়ক আলোচনা:**<br>সদস্য সচিব জানান, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে একাডেমিক কাউন্সিলের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্ন বর্ণিত সুপারিশসমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন:<br>ক. Food & Beverage Production এবং Bakery and Pastry Production এর উপস্থাপিত পাঠক্রম অনুমোদনের সুপারিশ করা হয়।<br>খ. Bakery and Pastry Production, Food & Beverage Productionসহ সকল কোর্সের পাঠক্রম মডিউল ভিত্তিক পৃথকভাবে বিন্যাস করার সুপারিশ করা হয়।<br>গ. দুটি কোর্সের পাঠক্রমে যুবদের উদ্বুদ্ধকরণ এবং দেশের ইতিহাস ও ঐতিহ্য বিষয়ক অধিবেশন অন্তর্ভুক্তির সুপারিশ করা হয়।<br>ঘ. Adobe Photoshop & Illustrator ও Multimedia Design এর পাঠক্রম অনুমোদন ও বর্ণিত ২ টি বিষয়ে নতুনভাবে ২ সপ্তাহ মেয়াদে সংক্ষিপ্ত কোর্স চালু করার সুপারিশ করা হয়।<br>ঙ. Food & Beverage Production ও Bakery and_Pastry Production প্রশিক্ষণ কোর্স সফলতার সাথে সম্পন্নকারী এবং Internship এ আগ্রহী প্রশিক্ষণার্থীদের অধিকতর দক্ষতা বৃদ্ধি ও ব্যবহারিক জ্ঞান অর্জনের সুবিধার্থে তাদের বিভিন্ন খ্যাতনামা হোটেল/ রেস্টুরেন্ট/ মোটেলে Internship এর সুবিধা প্রদানে ইন্সটিটিউট এর পক্ষ হতে লিংকেজ স্থাপনে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।<br>চ. Graphics Design and Multimedia ও Digital Marketing বিষয়ে এ ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের স্ব-স্ব ক্ষেত্রে অধিকতর সফলতা অর্জনের লক্ষ্যে তাদের অর্জিত জ্ঞানের হালনাগাদকরণ ও সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান দ্বারা কর্মক্ষেত্রে তাদের অর্জিত সাফল্য অবহিত হওয়ার লক্ষ্যে Refreshers Course চালু করার সুপারিশ করা হয় এবং উপস্থাপিত পাঠক্রম অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ছ. ইন্সটিটিউটে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকল্পে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে তাদের নিয়মিতভাবে In House Course এ প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়।<br>উপস্থাপিত সুপারিশসমূহ অনুমোদনযোগ্য মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | একাডেমিক কাউন্সিলের ৪র্থ সভায় গৃহীত সুপারিশসমূহ অনুমোদন করা হয় | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন |
| ০৫. | **মেডিকেল সেন্টারের জন্য খন্ডকালীন চিকিৎসক নিয়োগ বিষয়ে আলোচনা:**<br>সদস্য সচিব জানান, ইনস্টিটিউটে বর্তমানে ০৩টি ডিপ্লোমা কোর্সসহ ১২টি কোর্স পরিচালনা করার সক্ষমতা অর্জন করায় তিনশতাধিক প্রশিক্ষণার্থী ইনস্টিটিউটে অবস্থান করেন। ইনস্টিটিউটে ০১টি মেডিকেল সেন্টার আছে। কিন্তু চিকিৎসা সেবা প্রদান করার জন্য কোন চিকিৎসক নেই। অনুমোদিত জনবলের মধ্যে কোন চিকিৎসকের পদ নেই। কোন প্রশিক্ষণার্থী অসুস্থ হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং এনাম মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে তাদের চিকিৎসা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারীদের নিয়মিত চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করার স্বার্থে ইনস্টিটিউটে একজন খন্ডকালীন চিকিৎসক নিয়োগ করা প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারীদের নিয়মিত চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করার স্বার্থে ইনস্টিটিউটে একজন খন্ডকালীন | ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারীদের চিকিৎসা সুবিধা প্রদানের স্বার্থে ০১জন খন্ডকালীন চিকিৎসক নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | চিকিৎসক নিয়োগ করার বিষয়ে একমত পোষন করেন। | | |
| ০৬. | **ইনস্টিটিউটের মসজিদের জন্য ইমাম ও মুয়াজ্জিন নিয়োগ বিষয়ে আলোচনা :** সদস্য সচিব জানান ইনস্টিটিউটে অবস্থানরত প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারী মুসল্লিদের নামাজ আদায় করার জন্য এ কমপ্লেক্স এলাকায় ০১টি মসজিদ রয়েছে। মসজিদে জুম্মার নামাজসহ সকল ওয়াক্তে জামাতে নামাজ আদায় করা হয়। মসজিদ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং ইমামতির জন্য যথাক্রমে ০১ জন ইমাম ও ০১ জন মুয়াজ্জিন ও নিয়োগ প্রদান করা প্রয়োজন। উল্লেখ্য যে, অনুমোদিত জনবলের মধ্যে ইমাম ও মুয়াজ্জিনের পদ নেই। মুয়াজ্জিন ও ইমাম পদে নিয়োগের অনুমোদন প্রদানের বিষয়টি বিবেচনার জন্য উপস্থাপন করা হয়।<br>সভায় উপস্থিত সদস্যগণ প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারীদের মসজিদে নামাজ আদায় করার স্বার্থে এবং মসজিদ রক্ষনাবেক্ষণের প্রয়োজনে ০১জন ইমাম ও ০১জন মুয়াজ্জিন খন্ডকালীন ভিত্তিতে নিয়োগ করার বিষয়ে একমত পোষন করেন। | প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারীদের মসজিদে নামাজ আদায়ের স্বার্থে এবং মসজিদ রক্ষনাবেক্ষণের প্রয়োজনে ০১জন ইমাম ও ০১জন মুয়াজ্জিন খন্ডকালীন ভিত্তিতে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:-

মেজবাহ উদ্দিন
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি
নির্বাহী কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.২০২০- ১৪২০ | তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। জনাব মোঃ আজহারুল ইসলাম খান, মহাপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। জনাব রনজিৎ কুমার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।

০৩। কাজী মোশতাক জহির, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৪। জনাব জাফর আহম্মদ জাহাঙ্গীর, যুগ্মসচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

০৫। জনাব মোঃ আতাউর রহমান, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৬। জনাব ফররুখ আহম্মদ, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৭। জনাব মোঃ জাকির হোসেন, এমডিএস, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

০৮। জনাব মোঃ আমিন হেলালী, ভাইস প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ঢাকা।

০৯। ড. জাহাঙ্গীর হোসেন, পরিচালক (দক্ষতামান ও পাঠ্যক্রম), এনএসডিএ, ঢাকা।

১০। অধ্যাপক ড. জেবউননেছা, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

১১। জনাব জগদীশ চন্দ্র দেবনাথ, উপসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১২। জনাব কামাল আতাহার হোসেন, উপসচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০/১২/২০২২

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
ও
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল :
dgshniyd@shniyd.gov.bd